গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
আইন অধিশাখা
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০০০.০৩৩.২২.০০১৪.২৫-২৫

তারিখঃ ২৪ বৈশাখ ১৪৩২ / ০৭ মে ২০২৫

বিষয়ঃ **পরিসংখ্যান প্রণয়ন, প্রকাশ ও সংরক্ষণ নীতিমালা, ২০২৫।**

১। প্রস্তাবনা (Preamble)- বর্তমান বিশ্বে প্রমাণ-নির্ভর নীতি নির্ধারণ, পরিকল্পনা প্রণয়ন, উন্নয়ন প্রকল্প গ্রহণ ও অগ্রগতি পরিবীক্ষণে সরকারি ও বেসরকারি পর্যায়ে পরিসংখ্যানের অপরিহার্য ভূমিকা ও অপরিসীম গুরুত্ব রয়েছে। বাংলাদেশের ক্ষেত্রেও সময়ানুগ, টেকসই ও জনবান্ধব উন্নয়ন নিশ্চিতকল্পে নির্ভরযোগ্য পরিসংখ্যানের ব্যবহার ও গুরুত্ব উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। অবাধ তথ্যপ্রবাহের যুগে পরিসংখ্যানের ক্রমবর্ধমান চাহিদা পূরণকল্পে বাংলাদেশের পরিসংখ্যান ব্যবস্থাকে আইনগত সুদৃঢ় ভিত্তি প্রদান ও পরিসংখ্যান কার্যক্রমকে গতিশীল, সমন্বিত ও লক্ষ্যভিত্তিক করার অভিপ্রায়ে সরকার কর্তৃক পরিসংখ্যান আইন, ২০১৩ প্রণয়ন করা হয়। এ আইন অনুযায়ী গঠিত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অন্যতম প্রধান কার্যক্রম হলো সঠিক, নির্ভুল ও সময়োপযোগী পরিসংখ্যান প্রণয়ন ও সংরক্ষণ। এ লক্ষ্যে বিশ্বের অপরাপর দেশের ন্যায় সামগ্রিক পরিসংখ্যানিক কার্যক্রম অর্থাৎ পরিসংখ্যান প্রণয়ন, প্রকাশ ও সংরক্ষণে সংশ্লিষ্ট বিশেষজ্ঞদের সম্পৃক্তকরণ অপরিহার্য। এর ফলে উপাত্তের গুণগতমান নিশ্চিতের পাশাপাশি নির্ভরযোগ্যতা (Reliability), গ্রহণযোগ্যতা (Acceptability) ও অভিগম্যতা (Accessibility) বৃদ্ধি পাবে। বর্ণিত প্রেক্ষাপটে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর তত্ত্বাবধানে সেক্টরভিত্তিক বিশেষজ্ঞদের দিকনির্দেশনায় সঠিক, নির্ভুল ও সময়োপযোগী পরিসংখ্যান প্রণয়ন ও প্রকাশের লক্ষ্যে পরিসংখ্যান আইন, ২০১৩ (২০১৩ সনের ১২ নং আইন) এর ধারা ১৬ অনুযায়ী সরকার 'পরিসংখ্যান প্রণয়ন, প্রকাশ ও সংরক্ষণ নীতিমালা, ২০২৫' প্রণয়ন করিল, যথা-

২। শিরোনাম- এই নীতিমালা 'পরিসংখ্যান প্রণয়ন, প্রকাশ ও সংরক্ষণ নীতিমালা, ২০২৫' নামে অভিহিত হইবে।

৩। প্রয়োগ ও প্রবর্তন- (ক) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক পরিসংখ্যান প্রণয়ন, প্রকাশ ও সংরক্ষণ সম্পর্কিত কার্যাদির ক্ষেত্রে এই নীতিমালা প্রযোজ্য হইবে।

(খ) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

৪। নীতিমালার উদ্দেশ্য- (ক) উইং ভিত্তিক কারিগরি পরামর্শ কমিটি এর দিকনির্দেশনা ও পরামর্শক্রমে মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক যথাসময়ে সঠিক ও নির্ভুল পরিসংখ্যান প্রণয়ন ও প্রকাশ; এবং

(খ) প্রস্তুতকৃত ও প্রকাশিত সকল ধরনের উপাত্ত বা পরিসংখ্যান যথাযথ সংরক্ষণ করা;

৫। সংজ্ঞা- (ক) **"আইন"** অর্থ পরিসংখ্যান আইন, ২০১৩ (২০১৩ সনের ১২ নং আইন);

(খ) **"ব্যুরো"** অর্থ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো;

(গ) **"পরিসংখ্যান"** অর্থ পরিসংখ্যান বিজ্ঞান বা আন্তর্জাতিকভাবে স্বীকৃত পদ্ধতি অনুসরণক্রমে শুমারি বা সেন্সাস ও জরিপের মাধ্যমে সংগৃহীত ও প্রকাশিত উপাত্ত;

CamScanner

(ঘ) **"উপাত্ত"**- অর্থ তথ্যের প্রাথমিক একক বা পর্যবেক্ষণ, যা বিভিন্ন উৎস থেকে যথাযথ প্রক্রিয়ায় সংগ্রহ করা হয় (যেমন-মাইক্রোডেটা, মেটাডেটা, কাস্টমাইজড টেবিল, জিআইএস অর্থাৎ সকল ধরনের পরিসংখ্যানগত ডেটা);

(ঙ) **"শুমারি"** অথবা **"সেন্সাস"** অর্থ একটি নির্দিষ্ট ভূখণ্ডের সকল মানুষ ও বিভিন্ন সেক্টর বা ইউনিটকে গণনা, উপাত্ত সংগ্রহ, বিশ্লেষণ ও প্রকাশ করা;

(চ) **"জরিপ"** অর্থ পরিসংখ্যান বিজ্ঞানসম্মত পদ্ধতিতে সমগ্রক হইতে নমুনা চয়নের মাধ্যমে উপাত্ত সংগ্রহ, বিশ্লেষণ ও প্রকাশ;

(ছ) **"জাতীয় পরিসংখ্যান ব্যবস্থা (National Statistical System-NSS)"** অর্থ একটি দেশের মধ্যে জাতীয় পরিসংখ্যান সংস্থা এবং অপরাপর পরিসংখ্যান সংস্থা/ইউনিট কর্তৃক সমন্বিতভাবে সরকারের পক্ষে একক বা যৌথভাবে মানসম্মত সরকারি পরিসংখ্যান প্রস্তুতকরণ, সংকলন, প্রক্রিয়াকরণ, প্রকাশ ও সংরক্ষণ;

(জ) **"জাতীয় পরিসংখ্যান সংস্থা (National Statistics Office-NSO)"** অর্থ "বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো", যা বাংলাদেশের সরকারি পরিসংখ্যানের প্রধান প্রস্তুতকারী এবং জাতীয় পরিসংখ্যান ব্যবস্থায় সরকারি পরিসংখ্যান প্রস্তুতকরণ, সংকলন, সংরক্ষণ ও প্রকাশসহ জাতীয় পরিসংখ্যান ব্যবস্থার সমন্বয়, সরকারি পরিসংখ্যান উন্নয়ন/বিকাশ ও কেন্দ্রীভূত/ সন্নিহিত করার জন্য দায়িত্বপ্রাপ্ত সংস্থা;

(ঝ) **"মহাপরিচালক"** অর্থ ব্যুরোর মহাপরিচালক;

(ঞ) **"সরকারি পরিসংখ্যান"** অর্থ ব্যুরো কর্তৃক প্রণীত, সংরক্ষিত, প্রকাশিত ও প্রযোজ্য ক্ষেত্রে, পরিসংখ্যান আইন ২০১৩ এর ধারা ১১ এর অধীন অনুমোদিত পরিসংখ্যান;

(ট) **"প্রশাসনিক উপাত্ত (Administrative Data)"** অর্থ প্রাথমিকভাবে প্রশাসনিক (গবেষণা বা পরিসংখ্যান প্রস্তুতের উদ্দেশ্য ব্যতীত) উদ্দেশ্যে সরকারের কোনো মন্ত্রণালয়, বিভাগ বা সংস্থা কর্তৃক সংগৃহীত উপাত্ত। প্রশাসনিক উপাত্তের আওতায় প্রশাসনিক রেজিস্টারের উপাত্ত ও অন্যান্য প্রশাসনিক সূত্রের উপাত্ত উভয়ই অন্তর্ভুক্ত;

(ঠ) **"বিগ ডাটা (Big Data)"** অর্থ বৃহৎ এবং বৈচিত্র্যপূর্ণ ডাটাসেট যা সময়ের সাথে সাথে দ্রুত আকারে বৃদ্ধি পায় ও প্রযুক্তির সহায়তায় পরোক্ষভাবে সংগৃহীত। সাধারণভাবে ব্যবসায়িক লেনদেন, সামাজিক মাধ্যম, ফোন লগ, যোগাযোগ ডিভাইস, ইমেজ, অডিও-ভিডিও, ওয়েব স্ক্র্যাপিং, জিপিএস পজিশনিং, সেন্সর ইত্যাদি দ্বারা উৎপন্ন ডাটা;

(ড) **"উইংভিত্তিক কারিগরি পরামর্শ কমিটি"** অর্থ এই নীতিমালার অনুচ্ছেদ-৮ এ বর্ণিত কমিটি; এবং

(ঢ) **"কর্মচারী"** অর্থ ব্যুরোর রাজস্ব খাতের সকল কর্মচারী।

৬। ব্যুরো কর্তৃক পরিসংখ্যান প্রণয়ন- অনুচ্ছেদ-৮ এ বর্ণিত সংশ্লিষ্ট 'উইংভিত্তিক কারিগরি পরামর্শ কমিটি'র দিকনির্দেশনায় মহাপরিচালক এর অনুমোদন ও তত্ত্বাবধানে ব্যুরো:

(ক) পরিসংখ্যান আইন, ২০১৩ এর ধারা ৬ মোতাবেক নির্ভরযোগ্য, মানসম্মত ও সময়োপযোগী পরিসংখ্যান প্রণয়নের নিমিত্ত প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করিবে;

(খ) জনশুমারি ও গৃহগণনা, কৃষি শুমারি, অর্থনৈতিক শুমারিসহ অন্যান্য শুমারি এবং অর্থনীতি, কৃষি, বন, মৎস্য ও প্রাণিসম্পদ, শিল্প, সেবা, শ্রম ও কর্মসংস্থান, স্বাস্থ্য, পুষ্টি, জনতত্ত্ব ও জনমিতি, জেন্ডার, অপরাধ ও সুশাসন, শিক্ষা ও সাক্ষরতা, দারিদ্র্য, পরিবেশ, প্রাকৃতিক সম্পদ, দুর্যোগ ও দুর্যোগ ঝুঁকি, জলবায়ু পরিবর্তন ইত্যাদিসহ দেশের আর্থ-সামাজিক বিভিন্ন ক্ষেত্রে জরিপ পরিচালনার মাধ্যমে এ সংক্রান্ত পরিসংখ্যান প্রণয়ন করিবে;

CamScanner

(গ) জাতিসংঘ ঘোষিত অফিসিয়াল পরিসংখ্যানের মৌলিক নীতি (Fundamental Principles of Official Statistics-FPOS) এবং জাতীয় মান নিশ্চিতকরণ কাঠামো (National Quality Assurance Framework-NQAF) অনুসরণপূর্বক সকল পরিসংখ্যান প্রণয়ন করিবে;

(ঘ) দেশের অন্যান্য সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত দপ্তর/সংস্থার চাহিদা অনুযায়ী নিজ উদ্যোগে বা অংশীদারিত্ব বা সমঝোতা স্মারক বা লেটার অব এগ্রিমেন্ট বা লেটার অব কো-অপারেশন স্বাক্ষরের মাধ্যমে সরকারি পরিসংখ্যান প্রণয়ন করিতে পারিবে;

(ঙ) যে কোন গবেষণা সংস্থা, ব্যবসায়িক সংগঠন, সিভিল সোসাইটি অর্গানাইজেশন, বিশ্ববিদ্যালয়, বেসরকারি সংস্থা/ বেসরকারি উন্নয়ন সহযোগী সংস্থা (দেশীয়/আন্তর্জাতিক) এর সাথে অংশীদারিত্বের মাধ্যমে সরকারি পরিসংখ্যান প্রণয়ন করিতে পারিবে; এবং

(চ) ব্যুরো স্বচ্ছতা, জবাবদিহিতা ও নিরপেক্ষতা বজায় রাখিয়া পেশাদারিত্ব ও কারিগরি উৎকর্ষতার নিরিখে পরিসংখ্যান প্রণয়ন করিবে।

৭। ব্যুরো কর্তৃক প্রণয়নকৃত পরিসংখ্যান ও এ সংক্রান্ত প্রতিবেদন প্রকাশ- (ক) ব্যুরোর বিভিন্ন উইং কর্তৃক প্রণয়নকৃত উপাত্ত বা পরিসংখ্যান ও এ সংক্রান্ত প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে বাংলা ও ইংরেজি) এই নীতিমালার সংশ্লিষ্ট উইংভিত্তিক কারিগরি পরামর্শ কমিটির পরামর্শক্রমে মহাপরিচালক কর্তৃক অনুমোদন ও প্রকাশিত হইবে;

(খ) ব্যুরোর আওতাধীন প্রকল্প/ কর্মসূচি/ কার্যক্রম/ বিশেষ কার্যক্রমের মাধ্যমে প্রণয়নকৃত উপাত্ত বা পরিসংখ্যান ও এ সংক্রান্ত প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে বাংলা ও ইংরেজি) উইং সংশ্লিষ্ট কারিগরি পরামর্শ কমিটির পরামর্শক্রমে মহাপরিচালক কর্তৃক অনুমোদন ও প্রকাশিত হইবে;

(গ) ব্যুরোর আওতাধীন বিভিন্ন সেল কর্তৃক প্রণয়নকৃত উপাত্ত বা পরিসংখ্যান ও এ সংক্রান্ত প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে বাংলা ও ইংরেজি) উইং সংশ্লিষ্ট কারিগরি পরামর্শ কমিটির পরামর্শক্রমে মহাপরিচালক কর্তৃক অনুমোদন ও প্রকাশিত হইবে;

(ঘ) যে সকল বিষয়ে একাধিক কারিগরি পরামর্শ কমিটির সংশ্লিষ্টতা থাকিবে সেই সকল বিষয়ে কোন কমিটির পরামর্শ গ্রহণ করিবে তাহা ব্যুরোর মহাপরিচালক নির্ধারণ করিবে; এবং

৮। কমিটি- ব্যুরো কর্তৃক সঠিক, নির্ভুল ও সময়োপযোগী পরিসংখ্যান প্রণয়ন, প্রকাশ ও সংরক্ষণের ক্ষেত্রে প্রয়োজনীয় দিকনির্দেশনা ও পরামর্শ প্রদানের লক্ষ্যে সেক্টরকেন্দ্রিক বিশেষজ্ঞদের সমন্বয়ে ব্যুরোর 'উইংভিত্তিক কারিগরি পরামর্শ কমিটি' গঠিত হইবে যা নিম্নরূপ:

৮.১। এগ্রিকালচার উইং সংক্রান্ত কারিগরি পরামর্শ কমিটি

ক্রমিক নং	পদবি ও প্রতিষ্ঠানের নাম (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)	কমিটির পদবি
১)	মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা	সভাপতি
২)	সংশ্লিষ্ট প্রতিনিধি, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা	সদস্য
৩)	সংশ্লিষ্ট প্রতিনিধি, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা	সদস্য
৪)	সংশ্লিষ্ট প্রতিনিধি, এফপিএমইউ, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা	সদস্য
৫)	সংশ্লিষ্ট প্রতিনিধি, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ঢাকা	সদস্য

ক্রমিক নং	পদবি ও প্রতিষ্ঠানের নাম (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)	কমিটির পদবি
৬)	সংশ্লিষ্ট প্রতিনিধি, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস), আগারগাঁও, ঢাকা	সদস্য
৭)	সংশ্লিষ্ট প্রতিনিধি, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো), ঢাকা	সদস্য
৮)	সংশ্লিষ্ট প্রতিনিধি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা	সদস্য
৯)	বিশেষজ্ঞ প্রতিনিধি, কৃষি ও ফলিত পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ	সদস্য
১০)	বিশেষজ্ঞ প্রতিনিধি, কৃষি পরিসংখ্যান বিভাগ, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা	সদস্য
১১)	বিশেষজ্ঞ প্রতিনিধি, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বার্ক), ঢাকা	সদস্য
১২)	বিশেষজ্ঞ প্রতিনিধি, ব্র্যাক	সদস্য
১৩)	পরিচালক, ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং, বিবিএস, ঢাকা	সদস্য
১৪)	পরিচালক, এগ্রিকালচার উইং, বিবিএস, ঢাকা।	সদস্য সচিব

কমিটির কার্যপরিধি:

ক. প্রধান ফসলের আয়তন ও উৎপাদন হিসাবের পদ্ধতিগত দিক পর্যালোচনা, প্রাক্কলিত হিসাব যাচাই-বাছাই এবং পরামর্শ ও সুপারিশ প্রদান;

খ. জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা প্রণীত ম্যানুয়াল ও পদ্ধতি অনুসরণপূর্বক প্রধান ফসলের আয়তন ও উৎপাদন হিসাব প্রাক্কলন এবং এর উৎকর্ষ সাধনে পরামর্শ ও সুপারিশ প্রদান;

গ. সভাপতির পরামর্শক্রমে সদস্য-সচিব কর্তৃক কারিগরি পরামর্শ কমিটির সভার আয়োজন; এবং

ঘ. কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ ব্যক্তি/প্রতিষ্ঠানকে এ কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করিতে পারিবে।

৮. ২। সেন্সাস উইং সংক্রান্ত কারিগরি পরামর্শ কমিটি

ক্রমিক নং	পদবি ও প্রতিষ্ঠানের নাম (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)	কমিটির পদবি
১)	মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা	সভাপতি
২)	সংশ্লিষ্ট প্রতিনিধি, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা	সদস্য
৩)	সংশ্লিষ্ট প্রতিনিধি, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা	সদস্য
৪)	সংশ্লিষ্ট প্রতিনিধি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা	সদস্য
৫)	সংশ্লিষ্ট প্রতিনিধি, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা	সদস্য
৬)	সংশ্লিষ্ট প্রতিনিধি, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো	সদস্য
৭)	বিশেষজ্ঞ প্রতিনিধি, পরিসংখ্যান গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা	সদস্য
৮)	বিশেষজ্ঞ প্রতিনিধি, পপুলেশন সায়েন্স বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা	সদস্য

CamScanner

ক্রমিক নং	পদবি ও প্রতিষ্ঠানের নাম (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)	কমিটির পদবি
৯)	বিশেষজ্ঞ প্রতিনিধি, আইসিডিডিআরবি, ঢাকা	সদস্য
১০)	বিশেষজ্ঞ প্রতিনিধি, NIPORT, ঢাকা	সদস্য
১১)	বিশেষজ্ঞ প্রতিনিধি, পপুলেশন কাউন্সিল, ঢাকা	সদস্য
১২)	পরিচালক, ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং, বিবিএস	সদস্য
১৩)	পরিচালক, সেন্সাস উইং,বিবিএস	সদস্য-সচিব

কমিটির কার্যপরিধি:

(ক) জনসংখ্যা সংক্রান্ত বিভিন্ন জরিপ কার্যক্রম, তথ্য সংগ্রহ ও বিশ্লেষণে কারিগরি সহায়তা ও পরামর্শ প্রদান;

(খ) ন্যাশনাল পপুলেশন রেজিস্ট্রার প্রণয়ন বিষয়ে কারিগরি পরামর্শ প্রদান;

(গ) অংশীজন কর্তৃক সুপারিশকৃত কারিগরি বিষয় পর্যালোচনাপূর্বক মতামত ও পরামর্শ প্রদান;

(ঘ) জনসংখ্যা সংক্রান্ত বিভিন্ন জরিপের প্রশ্নপত্র, প্রশিক্ষণ ম্যানুয়াল, ইত্যাদি উন্নয়নে পরামর্শ প্রদান;

(ঙ) ট্যাবুলেশন প্ল্যান প্রণয়নে কারিগরি পরামর্শ প্রদান;

(চ) জনসংখ্যা সংক্রান্ত বিভিন্ন জরিপের আওতায় প্রস্তুতকৃত তথ্য-উপাত্ত বা পরিসংখ্যান প্রকাশে পরামর্শ প্রদান;

(ছ) কারিগরি অন্যবিধ বিষয়ে পরামর্শ প্রদান; এবং

(জ) কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ ব্যক্তি/প্রতিষ্ঠানকে এ কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করিতে পারিবে।

৮.৩। কম্পিউটার উইং সংক্রান্ত কারিগরি পরামর্শ কমিটি

ক্রমিক নং	পদবি ও প্রতিষ্ঠানের নাম (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)	কমিটির পদবি
১)	মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা	সভাপতি
২)	সংশ্লিষ্ট প্রতিনিধি, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা	সদস্য
৩)	সংশ্লিষ্ট প্রতিনিধি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ঢাকা	সদস্য
৪)	সংশ্লিষ্ট প্রতিনিধি, আইসিটি অধিদপ্তর, ঢাকা	সদস্য
৫)	সংশ্লিষ্ট প্রতিনিধি, বাংলাদেশ ব্যাংক, ঢাকা	সদস্য
৬)	সংশ্লিষ্ট প্রতিনিধি, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন, ঢাকা	সদস্য
৭)	সংশ্লিষ্ট প্রতিনিধি, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি), ঢাকা	সদস্য
৮)	বিশেষজ্ঞ প্রতিনিধি, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা	সদস্য
৯)	বিশেষজ্ঞ প্রতিনিধি, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, বুয়েট, ঢাকা	সদস্য
১০)	বিশেষজ্ঞ প্রতিনিধি, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, মিলিটারি ইন্সটিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি, ঢাকা	সদস্য
১১)	বিশেষজ্ঞ প্রতিনিধি, পরিসংখ্যান গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট, ঢাকা	সদস্য
১২)	বিশেষজ্ঞ প্রতিনিধি, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, ব্র্যাক	সদস্য

CamScanner

	বিশ্ববিদ্যালয়, ঢাকা	
১৩)	বিশেষজ্ঞ প্রতিনিধি, সাউথ এশিয়ান নেটওয়ার্ক অন ইকোনমিক মডেলিং (সানেম), ঢাকা	সদস্য
১৪)	বিশেষজ্ঞ প্রতিনিধি, BASIS, ঢাকা	সদস্য
১৫)	পরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা (সংশ্লিষ্ট ০২ জন)	সদস্য
১৬)	পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা।	সদস্য সচিব

কমিটির কার্যপরিধি:

(ক) বিবিএস এর শুমারি ও জরিপ পরিচালনায় তথ্য প্রযুক্তির মাধ্যমে স্বয়ংক্রিয় পদ্ধতিতে তথ্য-উপাত্ত সংগ্রহে সুপারিশ;

খ) ডাটা মাইনিং/মেশিন লারনিং/ডিপ লারনিং/এআই/বিগ ডাটা ব্যবহারপূর্বক অফিশিয়াল পরিসংখ্যান প্রস্তুতে মতামত ও পরামর্শ প্রদান;

(গ) সভাপতির পরামর্শক্রমে সদস্য-সচিব কর্তৃক কারিগরি পরামর্শ কমিটির সভা আয়োজন; এবং

(ঘ) কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ ব্যক্তি/প্রতিষ্ঠানকে এ কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করিতে পারিবে।

৮.৪। ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং সংক্রান্ত কারিগরি পরামর্শ কমিটি

ক্রমিক নং	পদবি ও প্রতিষ্ঠানের নাম (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)	কমিটির পদবি
১)	মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা	সভাপতি
২)	সংশ্লিষ্ট প্রতিনিধি, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা	সদস্য
৩)	সংশ্লিষ্ট প্রতিনিধি, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা	সদস্য
৪)	সংশ্লিষ্ট প্রতিনিধি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা	সদস্য
৫)	সংশ্লিষ্ট প্রতিনিধি, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (BANBEIS), ঢাকা	সদস্য
৬)	বিশেষজ্ঞ প্রতিনিধি, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস), আগারগাঁও, ঢাকা	সদস্য
৭)	পরিচালক, সেন্সাস উইং, বিবিএস	সদস্য
৮)	বিশেষজ্ঞ প্রতিনিধি, আইসিডিডিআরবি, ঢাকা	সদস্য
৯)	বিশেষজ্ঞ প্রতিনিধি, ব্র্যাক হেলথ, ঢাকা	সদস্য
১০)	বিশেষজ্ঞ প্রতিনিধি, NIPORT, ঢাকা	সদস্য
১১)	বিশেষজ্ঞ প্রতিনিধি, PPRC, ঢাকা	সদস্য
১২)	বিশেষজ্ঞ প্রতিনিধি, পরিসংখ্যান গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট (ISRT), ঢাকা	সদস্য
১৩)	পরিচালক, ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং, বিবিএস	সদস্য-সচিব

CamScanner

কমিটির কার্যপরিধি:

(ক) স্বাস্থ্য ও জনমিতি সংক্রান্ত বিভিন্ন জরিপ কার্যক্রম, তথ্য সংগ্রহ ও বিশ্লেষণে কারিগরি সহায়তা ও পরামর্শ প্রদান;

(খ) অংশীজন কর্তৃক সুপারিশকৃত কারিগরি বিষয় পর্যালোচনাপূর্বক পরামর্শ প্রদান;

(গ) স্বাস্থ্য ও জনমিতি সংক্রান্ত বিভিন্ন জরিপের আওতায় প্রশ্নপত্র, প্রশিক্ষণ ম্যানুয়াল, ইত্যাদি উন্নয়নে কারিগরি সহায়তা প্রদান;

(ঘ) ট্যাবুলেশন প্ল্যান প্রণয়নে কারিগরি পরামর্শ প্রদান;

(ঙ) স্বাস্থ্য ও জনমিতি সংক্রান্ত বিভিন্ন জরিপের আওতায় প্রস্তুতকৃত তথ্য-উপাত্ত বা পরিসংখ্যান প্রকাশে পরামর্শ প্রদান;

(চ) কারিগরি অন্যান্য বিষয়ে পরামর্শ প্রদান; এবং

(ছ) কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ ব্যক্তি/প্রতিষ্ঠানকে এ কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করিতে পারিবে।

৮.৫। ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং সংক্রান্ত কারিগরি পরামর্শ কমিটি

ক্রমিক নং	পদবি ও প্রতিষ্ঠানের নাম (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)	কমিটির পদবি
১.	মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা	সভাপতি
২.	প্রতিনিধি, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা	সদস্য
৩.	প্রতিনিধি, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা	সদস্য
৪.	প্রতিনিধি, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা	সদস্য
৫.	প্রতিনিধি, শিল্প মন্ত্রণালয়, ঢাকা	সদস্য
৬.	প্রতিনিধি, অর্থনীতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা	সদস্য
৭.	প্রতিনিধি, পরিসংখ্যান গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট (ISRT), ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা	সদস্য
৮.	প্রতিনিধি, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস), আগারগাঁও, ঢাকা	সদস্য
৯.	প্রতিনিধি, সাউথ এশিয়ান নেটওয়ার্ক অন ইকোনমিক মডেলিং (সানেম), ঢাকা	সদস্য
১০.	প্রতিনিধি, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক), ঢাকা	সদস্য
১১.	প্রতিনিধি, এসএসসই ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা	সদস্য
১২.	প্রতিনিধি, এফবিসিসিআই, মতিঝিল বা/এ, ঢাকা	সদস্য
১৩.	পরিচালক, ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং, বিবিএস, ঢাকা।	সদস্য
১৪.	পরিচালক, ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং, বিবিএস, ঢাকা।	সদস্য সচিব

কমিটির কার্যপরিধি:

(ক) শিল্প, শ্রম ও কর্মসংস্থানসহ এ উইংয়ের আওতায় পরিচালিত বিভিন্ন জরিপ কার্যক্রম, তথ্য সংগ্রহ ও বিশ্লেষণে কারিগরি সহায়তা ও পরামর্শ প্রদান;

(খ) অর্থনৈতিক শুমারি কার্যক্রমে কারিগরি পরামর্শ প্রদান;

(গ) পরিসংখ্যানভিত্তিক শ্রেণিবিন্যাস (শিল্প, পেশা এবং পণ্য) প্রণয়নে কারিগরি পরামর্শ প্রদান;

(ঘ) বিজনেজ ডিরেক্টরি/রেজিস্টার প্রণয়নে কারিগরি পরামর্শ প্রদান;

(ঙ) সভাপতির পরামর্শক্রমে সদস্য-সচিব কর্তৃক বিশেষ প্রয়োজনে বা জরুরী কোন নীতিগত সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে কারিগরি পরামর্শ কমিটির সভা আহ্বানপূর্বক প্রয়োজনীয় সুপারিশ গ্রহণ;

(চ) অংশীজন কর্তৃক চাহিদাকৃত এডহক জরিপ সংক্রান্ত কারিগরি বিষয় পর্যালোচনা ও পরামর্শ প্রদান; এবং

(ছ) কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ ব্যক্তি/প্রতিষ্ঠানকে এ কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করিতে পারিবে।

৮.৬। ন্যাশনাল একাউন্টিং উইং সংক্রান্ত কারিগরি পরামর্শ কমিটি

ক্রমিক নং	পদবি ও প্রতিষ্ঠানের নাম (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)	কমিটির পদবি
১)	মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা	সভাপতি
২)	সংশ্লিষ্ট প্রতিনিধি, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (যুগ্মসচিব পদমর্যাদার নিম্নে নয়)	সদস্য
৩)	সংশ্লিষ্ট প্রতিনিধি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা (যুগ্মসচিব পদমর্যাদার নিম্নে নয়)	সদস্য
৪)	সংশ্লিষ্ট প্রতিনিধি, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (যুগ্মসচিব সমপদমর্যাদার নিম্নে নয়)	সদস্য
৫)	বিশেষজ্ঞ প্রতিনিধি, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস), আগারগাঁও, ঢাকা	সদস্য
৬)	বিশেষজ্ঞ প্রতিনিধি, অর্থনীতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা	সদস্য
৭)	বিশেষজ্ঞ প্রতিনিধি, পরিসংখ্যান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা	সদস্য
৮)	বিশেষজ্ঞ প্রতিনিধি, অর্থনীতি বিভাগ, নর্থ সাউথ ইউনিভারসিটি, ঢাকা	সদস্য
৯)	বিশেষজ্ঞ প্রতিনিধি, অর্থনীতি বিভাগ, ব্র্যাক ইউনিভারসিটি, ঢাকা	সদস্য
১০)	বিশেষজ্ঞ প্রতিনিধি, সেন্টার ফর পলিসি ডায়ালগ, ঢাকা	সদস্য
১১)	বিশেষজ্ঞ প্রতিনিধি, পাওয়ার অ্যান্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টার (পিপিআরসি)	সদস্য
১২)	বিশেষজ্ঞ প্রতিনিধি, বাংলাদেশ পলিসি রির্সাচ ইন্সটিটিউট, ঢাকা	সদস্য
১৩)	বিশেষজ্ঞ প্রতিনিধি, সাউথ এশিয়ান নেটওয়ার্ক অন ইকোনমিক মডেলিং (সানেম), ঢাকা	সদস্য
১৪)	বিশেষজ্ঞ প্রতিনিধি, এফবিসিসিআই, এফবিসিসিআই আইকন, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা	সদস্য
১৫)	পরিচালক, পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা	সদস্য
১৬)	পরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা (সংশ্লিষ্ট ০২ জন)	সদস্য
১৭)	পরিচালক, ন্যাশনাল একাউন্টিং উইং, বিবিএস, ঢাকা।	সদস্য সচিব

কমিটির কার্যপরিধি:

ক. জাতীয় হিসাব পদ্ধতি এবং অর্থনৈতিক সূচকসমূহের ভিত্তি বছর সংশোধন ও পরিবর্তনের পর্যায়কাল নির্ধারণসহ নতুন ভিত্তি বছরের প্রাক্কলিত স্থূল দেশজ উৎপাদ (জিডিপি) ও অর্থনৈতিক সূচকসমূহ প্রকাশে পদ্ধতিগত দিক পর্যালোচনা ও পরামর্শ প্রদান;

খ. জাতিসংঘ কর্তৃক প্রণীত System of National Accounts (SNA)সহ বিশ্ব ব্যাংক, আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ), ইউরোপিয়ান কমিশন, এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) প্রভৃতি কর্তৃক বিভিন্ন দিক-নির্দেশনা, ম্যানুয়াল ও পদ্ধতি অনুসরণপূর্বক জাতীয় হিসাব প্রাক্কলন এবং সামষ্টিক অর্থনৈতিক সূচকসমূহের উৎকর্ষ সাধনে পরামর্শ ও সুপারিশ প্রদান;

গ. বার্ষিক ও ত্রৈমাসিক ভিত্তিতে জাতীয় হিসাব প্রাক্কলন, দরিদ্র্যতা নিরূপণ, বৈদেশিক বাণিজ্য এবং সামষ্টিক অর্থনীতির সূচকসমূহের পরিপূর্ণ প্রতিফলনের লক্ষ্যে নতুন নতুন ক্ষেত্র চিহ্নিতকরণ এবং এ সংক্রান্ত পরিসংখ্যানের মানোন্নয়নসহ পরিধি/আওতা বৃদ্ধির পরামর্শ ও সুপারিশ প্রদান;

ঘ. বার্ষিক ও ত্রৈমাসিক ভিত্তিতে জাতীয় হিসাব প্রাক্কলনে তথ্য-উপাত্তের বৈসাদৃশ্য (গ্যাপ) চিহ্নিতকরণসহ সামষ্টিক অর্থনীতির সূচকসমূহ হালনাগাদকরণের লক্ষ্যে প্রয়োজনীয় জরিপ/কেস স্টাডিজ পর্যালোচনা করতঃ সুনির্দিষ্টকরণ এবং মাঠ পর্যায়ে তা পরিচালনার জন্য নমুনায়ন পদ্ধতি, প্রশ্নমালা প্রণয়ন ও ট্যাবুলেশন প্ল্যান চূড়ান্তকরণ সহ তথ্য-উপাত্ত বা পরিসংখ্যান প্রকাশে পরামর্শ প্রদান;

ঙ. সময়ে সময়ে (প্রয়োজন অনুযায়ী) বার্ষিক ও ত্রৈমাসিক ভিত্তিতে প্রাক্কলিত জাতীয় হিসাব চূড়ান্তকরণে মতামত ও পরামর্শ প্রদান;

চ. মাসিক ভিত্তিতে প্রণীত সামষ্টিক অর্থনীতির সূচকসমূহের মধ্যে সর্বাধিক গুরুত্ব বিবেচনায় করে ভোক্তা মূল্য সূচক (সিপিআই) ও মূল্যস্ফীতি এবং মজুরি হার সূচক (ডব্লিউআরআই) প্রকাশে মতামত ও পরামর্শ প্রদান;

ছ. সভাপতির পরামর্শক্রমে সদস্য-সচিব কর্তৃক বিশেষ প্রয়োজনে বা জরুরী কোন নীতিগত সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে কারিগরি পরামর্শ কমিটির সভা আহ্বানপূর্বক প্রয়োজনীয় মতামত ও পরামর্শ গ্রহণ; এবং

জ. কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ ব্যক্তি/প্রতিষ্ঠানকে এ কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করিতে পারিবে।

৯। **কমিটির সম্মানী/ পারিতোষিক-** (ক) প্রতি সভায় অংশগ্রহণের জন্য 'উইংভিত্তিক কারিগরি পরামর্শ কমিটি' সভাপতি ও সদস্যগণ সরকার কর্তৃক নির্ধারিত হারে রাজস্ব বাজেটের আওতায় সম্মানী/ পারিতোষিক প্রাপ্য হইবেন; এবং

(খ) উল্লিখিত সম্মানী/ পারিতোষিক ব্যয়ভার বহনের নিমিত্ত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর প্রধান কার্যালয়ের রাজস্ব বাজেটের আওতায় সংশ্লিষ্ট অর্থনৈতিক কোডে প্রয়োজনীয় বরাদ্দ রাখিতে হইবে।

১০। **ব্যুরো কর্তৃক সংগৃহীত উপাত্ত ও প্রণয়নকৃত পরিসংখ্যান সংরক্ষণ-** (ক) ব্যুরোর আওতায় বিভিন্ন উইং, সেল, প্রকল্প/ কর্মসূচি/ কার্যক্রম/ বিশেষ কার্যক্রমের মাধ্যমে প্রণয়নকৃত উপাত্ত ও পরিসংখ্যান প্রমিত মান অনুসরণক্রমে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সহায়তায় যুগোপযোগী পদ্ধতিতে সংরক্ষণ করিতে হইবে;

(খ) প্রণয়নকৃত উপাত্ত ও পরিসংখ্যান ব্যুরোর প্রধান কার্যালয়ে কেন্দ্রীয় তথ্য ভান্ডারে সংরক্ষণসহ প্রধান কার্যালয়ের বাহিরে ঝুঁকিমুক্ত অন্য কোন এক বা একাধিক স্থানে তথ্য ভান্ডারের বিকল্প সংরক্ষণ ব্যবস্থা করিতে হইবে;

(গ) উপাত্ত এমন উপায়ে সংরক্ষণ করিতে হইবে যাহাতে করে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান বা ইউনিট এর গোপনীয়তা বিঘ্নিত না হয়;

CamScanner

(ঘ) পরিসংখ্যানিক প্রতিবেদনসমূহ জনসম্মুখে প্রকাশের ১০ (দশ) কার্যদিবসের মধ্যে মাইক্রোডাটা, জিওস্পাশাল ডাটা, বিভিন্ন ধরনের এটলাস (মানচিত্র), এক্সেল শিট বা সফট কপি প্রভৃতি বিবিএস এর কেন্দ্রীয় তথ্য ভান্ডারে (বিকল্প তথ্য ভান্ডারসহ) যথাযথ প্রক্রিয়ায় সংরক্ষণ করিতে হইবে; এবং

(ঙ) সংরক্ষিত উপাত্ত ও পরিসংখ্যান ও তথ্য ভান্ডার এর নিরাপত্তা যুগোপযোগী তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সহায়তায় নিশ্চিত করিতে হইবে এবং এরূপ তথ্য ভান্ডার সংরক্ষণের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করিতে হইবে।

১১। সংশোধন- এই নীতিমালায় ভবিষ্যতে কোনো ধরনের সংশোধন, পরিবর্তন বা পরিমার্জনের আবশ্যকতা প্রতীয়মান হইলে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অনুমোদনক্রমে তা সম্পাদন করিতে হইবে।

১২। নীতিমালার ব্যাখ্যা- (ক) এই নীতিমালায় কোন বিষয়ে অস্পষ্টতা দেখা দিলে বিবিএস কর্তৃক সংশ্লিষ্ট বিষয়টি স্পষ্টীকরণ করা হইবে।

খ) এই নীতিমালায় উল্লেখ নাই এমন বিষয় উত্থাপিত হলে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অনুমোদনক্রমে সিদ্ধান্ত গৃহীত হইবে।

১৩। নীতিমালার রহিতকরণ ও হেফাজত- (ক) এই নীতিমালায় যাহা কিছুই থাকুক না কেন, সরকার জনস্বার্থে তা পরিবর্তন, পরিমার্জন, সংশোধন বা রহিতকরণসহ যে কোনো সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করিবে।

১৪। ইংরেজিতে অনুদিত পাঠ প্রকাশ- (ক) এই নীতিমালা কার্যকর হওয়ার পর কর্তৃপক্ষ ইংরেজিতে অনুদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিতে পারিবে।

খ) এই নীতিমালার বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা প্রাধান্য পাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আলেয়া আক্তার

সচিব

CamScanner

নং-৫২.০০.০০০০.০০০.০৩৩.২২.০০১৪.২৫-২৫ তারিখঃ ২৪ বৈশাখ ১৪৩২ / ০৭ মে ২০২৫

অনুলিপি সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৩। সিনিয়র সচিব/ সচিব------------------------------------- (সকল মন্ত্রণালয়/বিভাগ)।
৪। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৫। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৬। চেয়ারম্যান--কমিশন, ঢাকা।
৭। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৮। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৯। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা (সংশ্লিষ্ট কমিটিসমূহের সকল সদস্যকে অবহিত করণের অনুরোধসহ)।
১০। মহাপরিচালক,--অধিদপ্তর, ঢাকা।
১১। উপাচার্য --(সকল বিশ্ববিদ্যালয়)।
১২। চেয়ার, ব্র্যাক।
১৩। নির্বাহী চেয়ারম্যান, সেন্টার ফর পলিসি ডায়ালগ, ঢাকা।
১৪। নির্বাহী চেয়ারম্যান, পিপিআরসি, ঢাকা।
১৫। চেয়ারম্যান, সাউথ এশিয়ান নেটওয়ার্ক অন ইকোনমিক মডেলিং (সানেম), ঢাকা।
১৬। প্রশাসক, এফবিসিসিআই, ঢাকা।
১৭। প্রধান নিবার্হী, বাংলাদেশ পলিসি রিসার্চ ইন্সটিটিউট, ঢাকা।
১৮। বিভাগীয় কমিশনার,--।
১৯। জেলা প্রশাসক,---।
২০। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
২১। সিস্টেম এনালিস্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২২। হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
২৩। অফিস কপি।

মোঃ নূরুল করিম ভূঁইয়া
উপসচিব

CamScanner